

তারিখ ... ..  
কাল ... ..

আজ আন্তর্জাতিক  
সাক্ষরতা দিবস

ইতিহাসিক রিপোর্ট ১১. আজ রবিবার  
আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। এই উপলক্ষে  
সরকারী ও বেসরকারী পর্যায়ে ব্যাপক কর্মসূচী  
গ্রহণ করা হয়েছে। সকাল ১১টায় ওসমানী  
স্থিতি মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি  
(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ প্রঃ)

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

(শেষ পৃষ্ঠার পর)

হিসেবে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী বেগম  
বালেদা জিয়া। বিশেষ অতিথি হিসেবে  
উপস্থিত থাকবেন শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান  
ফারুক। সভাপতিত্ব করবেন প্রাথমিক ও  
গণশিক্ষা বিভাগের সচিব অধ্যাপিকা তাহমিনা  
হোসেন। বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত  
আগারগাঁও বেতার ভবন চত্বর, বুড়িগঙ্গা  
ব্রিজের নিকট গণসঙ্গীত পথনাটক, সকাল  
১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত জাদুঘরে  
গণশিক্ষা মেলা অনুষ্ঠিত হবে।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন  
উপলক্ষে আজ বিকাল ৩টায় আগারগাঁওস্থ  
লায়স ফাউন্ডেশন মিলনায়তনে ঢাকা সেন্ট্রাল  
লায়স ক্লাবের উদ্যোগে 'বাংলাদেশে প্রাথমিক  
শিক্ষার কারিকুলাম উন্নয়নের প্রয়োজনীয়তা'  
শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হবে। সাক্ষরতা  
দিবস পালন উপলক্ষে ঢাকা আহছানিয়া মিশনে  
গতকাল এক আলোচনা সভায় অনুষ্ঠিত হয়।  
'দারিদ্র্য বিমোচনে অব্যাহত শিক্ষা' শীর্ষক এই  
আলোচনা সভায় মূল প্রবন্ধ পাঠ করেন  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক ডিসি  
প্রফেসর ডঃ কাজী সালেহ। আলোচনায় অংশ  
নেন ডঃ আহমদুল্লাহ মিয়া, প্রফেসর নাজমা  
বেগম, প্রফেসর আব্দুল হাকিম প্রমুখ।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে  
আওয়ামী লীগের সভানেত্রী, সংসদে বিরোধী  
দলীয় নেত্রী শেখ হাসিনা গতকাল এক বাগীতে  
বলেছেন, সভ্যতার অগ্রগতিতে শিক্ষার অবদান  
আজ বিশ্ব স্বীকৃত। শিক্ষিত জাতি দ্রুত এগিয়ে  
যায় উন্নতি, অগ্রগতি আর সমৃদ্ধির পথে।  
শিক্ষার আলো ব্যক্তি, পরিবার, সমাজ ও  
রাষ্ট্রকে আলোকিত করে। ১৯৯৬ সালের  
২৩শে জুন আওয়ামী লীগ জনগণের রায় নিয়ে  
দেশ পরিচালনার ভার গ্রহণের পর শিক্ষা  
প্রতিষ্ঠানগুলোতে পড়াশুনার পরিবেশ ফিরিয়ে  
আনার ওপর সর্বাধিক গুরুত্ব আরোপ করে।

অ-তে অন্তর আ-তে আলো

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে  
ডীর্ঘ মিডিয়া সেন্টার গতকাল নগরীতে ট্রাকের  
ওপর ভ্রাম্যমাণ নাট্যানুষ্ঠানের আয়োজন করে।